গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
সাধারণ শাখা
www.rajshahidiv.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১২.০২.০০১.২২.১১১৮

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৯
১৩ অক্টোবর ২০২২

বিষয়: **তথ্য অধিকার সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন, ২০২২ প্রকাশ।**

উপর্যুক্ত বিষয়ে এ কার্যালয়ের ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংযোজনী ০৮ এর তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনার ১.৩ ক্রমিকের কার্যক্রমের অংশ হিসেবে এবং তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৬(৩) ধারা অনুযায়ী **"তথ্য অধিকার সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন, ২০২২"** প্রকাশ করে সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: **বর্ণনামত**
০১। বার্ষিক প্রতিবেদন ২৭ (সাতাশ) পাতা।

১৩-১০-২০২২
জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার
ফোন: ০২৫৮৮৮৫৭২৩৩
ফ্যাক্স: ০২৫৮৮৮৫৭৫২৯
ইমেইল:
divcomrajshahi@mopa.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

**দৃষ্টি আকর্ষণঃ** উপসচিব, তথ্য অধিকার অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

# বিভাগীয় কমিশনারের কার্যালয়

## রাজশাহী

# “তথ্য অধিকার সংক্রান্ত”

# বার্ষিক প্রতিবেদন-২০২২

Scanned by TapScanner

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| | ভূমিকা | ০৩ |
| | আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২২ এর এবারের প্রতিপাদ্য | ০৪ |
| ০১. | বার্ষিক প্রতিবেদনের নির্বাহী সার-সংক্ষেপ | ০৫ |
| ০২. | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী ও এর আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয়সমূহের তথ্য অধিকার আইনে প্রাপ্ত আবেদনের বিষয়ে গৃহীত ব্যবস্থা | ০৬ |
| ০৩. | তথ্য অধিকার আইন বাস্তবায়নে রাজশাহী বিভাগের বিভাগীয় পর্যায়ের অফিসমূহ ও জেলা পর্যায়ের অফিসমূহ কর্তৃক গৃহীত কার্যক্রম | ০৬-০৮ |
| ০৪. | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন | ০৯ |
| ০৫. | সেবা সংক্রান্ত মতামত/পরামর্শ/অভিযোগ বক্স | ১০ |
| ০৬. | জাতির পিতা শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন | ১১ |
| ০৭ | ঐতিহাসিক ৭ মার্চ দিবস উদযাপন | ১২ |
| ০৮. | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৬তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস | ১৩ |
| ০৯. | মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণের বিশেষ প্রশিক্ষণ | ১৪ |
| ১০. | তথ্য অধিকার বাস্তবায়নে রাজশাহী বিভাগের জেলা ও উপজেলা পর্যায়ের অফিসমূহ কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের চিত্র | ১৫-২০ |
| ১১. | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহীতে বর্তমানে কর্মরত কর্মকর্তাবৃন্দ | ২১ |
| ১২. | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আপীল কর্মকর্তার তথ্য | ২২ |
| ১৩. | তথ্য অধিকার বাস্তবায়ন অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি, রাজশাহী'র তালিকা | ২৩ |
| ১৪. | আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২২ উদযাপন | ২৪ |
| ১৫. | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী হতে স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যম | ২৫ |
| ১৬. | তথ্য অধিকার বাস্তবায়নে বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী'র সুপারিশ | ২৬ |
| ১৭. | উপসংহার | ২৭ |




Scanned by TapScanner

# ভূমিকা

তথ্য অধিকার একটি রাষ্ট্রের সুশাসনের মূলভিত্তি। জাতিসংঘের মানবাধিকার সনদ অনুযায়ী তথ্য জানার অধিকার আন্তর্জাতিকভাবে স্বীকৃত। এ আইনের মাধ্যমে দেশের মানুষ সরকারি/বেসরকারি কর্তৃপক্ষের কাছ থেকে নানা ধরনের তথ্য উদঘাটন করে নিজেদের এবং দেশের অনেক উন্নয়ন করছে। বাংলাদেশের সংবিধানে প্রত্যেক নাগরিকের চিন্তা বিবেক, বাক ও ভাব প্রকাশের স্বাধীনতার অধিকার নিশ্চিত করা হয়েছে। মতপ্রকাশের স্বাধীনতা ও অবাধ তথ্যপ্রবাহ নিশ্চিত করতে তথ্য অধিকার আইন-২০০৯ ও তথ্য অধিকার (তথ্যপ্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা-২০০৯ প্রণয়ন করা হয়েছে। তথ্য অধিকার আইনকে কার্যকর করার জন্য একটি তথ্য কমিশন গঠন করা হয়েছে। তথ্য কমিশন একটি সংবিধিবদ্ধ স্বাধীন সংস্থা। তথ্য কমিশনের গঠন পদ্ধতি, দায়িত্ব-কর্তব্য, ক্ষমতা, কর্মপরিধি, প্রশাসনিক বিষয় ইত্যাদি এ আইনে বর্ণিত আছে। প্রকৃত অর্থে একটি উন্নয়নশীল রাষ্ট্রের অগ্রযাত্রায় তথ্যের অবাধ প্রবাহ গুরুত্বপূর্ণ চালিকাশক্তি হিসাবে কাজ করে। জনগণ ক্ষমতায়িত না হলে কোনো সামষ্টিক উন্নয়ন অর্জন সম্ভব হয় না। প্রাসঙ্গিক বিভিন্ন মৌলিক চাহিদা ও অধিকারের নিশ্চয়তার পাশাপাশি তথ্যই পারে জনগণকে ক্ষমতায়িত করতে। এ জন্য মূল যে উদ্যোগটি তথ্যের প্রাপ্যতাকে সহজলভ্য করতে পারে সেটি হলো, প্রতিষ্ঠানের স্বপ্রণোদিত তথ্য প্রকাশ। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা-এসডিজি-১৬'র লক্ষ্য টেকসই উন্নয়নের জন্য শান্তিপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক সমাজব্যবস্থার প্রসার, সবার জন্য ন্যায়বিচার প্রাপ্তির পথ সুগম করা এবং সর্বস্তরে কার্যকর, জবাবদিহিতামূলক ও অন্তর্ভুক্তিমূলক প্রতিষ্ঠান তৈরি করা। সরকারের বিভিন্ন সেবা ডিজিটাল প্রযুক্তির সাহায্যে জনগণের কাছে সহজে সেবা পৌঁছে দিতে ২০১৪ সালে তৈরি করা হয় জাতীয় তথ্য বাতায়ন। ৩৩ হাজারের বেশি ওয়েবসাইটের সমন্বয়ে তৈরি এই তথ্য বাতায়ন সরকারের তথ্য সহজেই জনগণের কাছে পৌঁছে দিচ্ছে। সরকারের ডিজিটাল বাংলাদেশ গঠনের রূপকল্পকে বাস্তবে রূপ দিতে এ উদ্যোগের সুফল পাচ্ছেন প্রায় ১৬ কোটি মানুষ। তথ্য সেবা যেন মানুষ আরও সহজে পায়, সেজন্য দেশের ইউনিয়নগুলোতে তথ্য সেবাকেন্দ্র খোলা হয়েছে। সেখানে সরকারের মনোনীত ব্যক্তির মাধ্যমে প্রান্তিক মানুষ অনলাইন, অফলাইনে উভয় মাধ্যমেই তথ্য সেবা পাচ্ছেন।

এছাড়া টেকসই উন্নয়নের জন্য জনগণের কাছে দায়বদ্ধ প্রতিষ্ঠান গঠন ও সরকারি তথ্যে জনগণের অধিগম্যতা বাড়াতে সরকার নানা রকম পদক্ষেপ নিয়েছে। এর মধ্যে রয়েছে জাতীয় শুদ্ধাচার কৌশল, সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, সেবা সম্পর্কিত হেল্প লাইন বা হটলাইন চালু করা। এর বাইরে দেশের গণমাধ্যম, দেশীয় ও আন্তর্জাতিক বেসরকারি স্বেচ্ছাসেবী সংগঠন (এনজিও) এবং সুশীল সমাজ জনগণের তথ্যের অধিকার সুনিশ্চিত করার লক্ষ্যে ভূমিকা পালন করছে। জনগণের তথ্য অধিকার নিশ্চিতে ও মৌলিক অধিকার সুরক্ষার ক্ষেত্রে সরকার আন্তর্জাতিক পরিমন্ডলে এবং জাতীয়ভাবে প্রতিশ্রুতিবদ্ধ।






Scanned by TapScanner

আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২২ এর প্রতিপাদ্য:

## “তথ্য প্রযুক্তির যুগে,

## জনগণের তথ্য অধিকার নিশ্চিত হোক”



Scanned by TapScanner

## ০১. বার্ষিক প্রতিবেদনের নির্বাহী সার-সংক্ষেপ:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৩৯ অনুচ্ছেদ অনুসারে চিন্তা, বিবেক ও বাক্-স্বাধীনতা নাগরিকের অন্যতম মৌলিক অধিকার। প্রকৃতপক্ষে তথ্যের অধিকার ছাড়া সংবিধানে বর্ণিত নাগরিকের অন্যতম মৌলিক অধিকার হিসেবে স্বীকৃত চিন্তা, বিবেক, বাক ও ভাব প্রকাশের স্বাধীনতা অকল্পনীয়। তথ্য অধিকার, তথ্যের আদান-প্রদান এর অবিচ্ছেদ্য অংশ। তথ্য অধিকার আইন-২০০৯ এর প্রস্তাবনায় সংবিধানের ৩৯ নং অনুচ্ছেদই মূল দর্শন। আইনের শাসন, মৌলিক মানবাধিকার, ন্যায়বিচার প্রতিষ্ঠা এবং সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক অধিকার নিশ্চিত করা সম্ভব এই আইন প্রয়োগের মাধ্যমে।

এছাড়াও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২১(২) মতে, প্রজাতন্ত্রের কাজে নিয়োজিত প্রত্যেক ব্যক্তির কর্তব্য জনগণের সেবার চেষ্টা করা। নাগরিকের সঙ্গে আচরণের ক্ষেত্রে স্বচ্ছতা, জবাবদিহিতা, সততা, কর্তব্যনিষ্ঠা, দ্রুত ও নির্ঝঞ্ঝাট সেবা নিশ্চিতকরণের বিষয়গুলোকে বিশেষ গুরুত্ব দিতে হয়। তাই তথ্য প্রদানের ক্ষেত্রে ন্যায়বিচার প্রতিষ্ঠায় এটি একটি অসাধারণ পদক্ষেপ যা আইনটিকে শক্তিশালী করেছে। তথ্য অধিকারকে জনগণের ক্ষমতায়নের একটি অন্যতম মাধ্যম হিসেবে বিবেচনা করা হয় এবং জনগণের ক্ষমতায়নের মাধ্যমে সরকারি, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থা এবং সরকারি বা বিদেশি অর্থায়নে সৃষ্ট ও পরিচালিত বেসরকারি সংস্থাসমূহের স্বচ্ছতা, জবাবদিহিতা বৃদ্ধি করা সম্ভব বলে বিবেচনা করা হয়। আর তথ্য অধিকারের মাধ্যমে এর সবগুলো নিশ্চিত করা গেলে দেশ হতে দুর্নীতি হ্রাস পাবে ও সুশাসন প্রতিষ্ঠিত হবে।

তথ্য অধিকার আইন অনুসারে প্রতি বছর প্রত্যেক কর্তৃপক্ষকে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করার বিধান রয়েছে। সে মোতাবেক বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন পরিস্থিতি, এ আইন অনুসারে প্রাপ্ত আবেদন ও তথ্য প্রদানের সংখ্যা, এতদসংক্রান্ত আপীল ও নিষ্পত্তির সংখ্যা, তথ্য অধিকার আইন বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন সভা, সেমিনার ও আলোচনা, প্রতিবেদন প্রভৃতি এ বার্ষিক প্রতিবেদনে তুলে ধরা হয়েছে। ওয়েবসাইটে অনেক গুরুত্বপূর্ণ তথ্যাবলী স্ব-উদ্যোগে প্রকাশ করা হয়েছে যা এ বার্ষিক প্রতিবেদনে তুলে ধরা হয়েছে। আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২২ উদযাপন সংক্রান্ত বিভিন্ন কর্মসূচির স্বচিত্র তথ্য তুলে ধরা হয়েছে।




Scanned by TapScanner

## ০২. বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী ও এর আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয়সমূহের তথ্য অধিকার আইনে প্রাপ্ত আবেদনের বিষয়ে গৃহীত ব্যবস্থা:

| ক্র. নং | কর্তৃপক্ষের নাম | তথ্য সরবরাহের জন্য প্রাপ্ত আবেদনের সংখ্যা | তথ্য সরবরাহের মাধ্যমে নিস্পত্তিকৃত আবেদনের সংখ্যা | অনুরোধ কৃত তথ্য না দেয়ার সিদ্ধান্তের সংখ্যা | প্রক্রিয়াধীন | শুরু থেকে আরটিআই অনলাইন প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তার ক্রমযোজিত সংখ্যা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সিদ্ধান্তের বিরুদ্ধে আপীলের সংখ্যা | আপীল নিস্পত্তির সংখ্যা | কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে গৃহীত শাস্তিমূলক ব্যবস্থার সংখ্যা | তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থের পরিমাণ (টাকায়) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী | ১৪ | ১৪ | ০ | ০ | ০৩ | ০ | ০ | ০ | ০ |
| ২. | জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী | ১৩ | ১৩ | ০ | ০ | ৬২২ | ০ | ০ | ০ | ০ |
| ৩. | জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ | ১২ | ১২ | ০ | ০ | ৬০৩ | ০ | ০ | ০ | ১৩৮/- |
| ৪. | জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর | ৪ | ৪ | ০ | ০ | ৬৪৯ | ০ | ০ | ০ | ৬/- |
| ৫. | জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা | ৯ | ৯ | ০ | ০ | ৬৫৭ | ০ | ০ | ০ | ৫০/- |
| ৬. | জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ | ১৬ | ১৬ | ০ | ০ | ৭৪৯ | ০ | ০ | ০ | ৬৫২/- |
| ৭. | জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ | ২৮৮ | ১৭৩ | ০ | ০ | ১০৫ | ০ | ০ | ০ | ৩৯৬ |
| ৮. | জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া | ২২০ | ২২০ | ০ | ০ | ১৮ | ০ | ০ | ০ | ২১০/- |
| ৯. | জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট | ৩৫ | ৩৫ | ০ | ০ | ১৭৮ | ০ | ০ | ০ | ০ |

## ০৩. তথ্য অধিকার আইন বাস্তবায়নে রাজশাহী বিভাগের বিভাগীয় পর্যায়ের অফিসসমূহ ও জেলা পর্যায়ের অফিসমূহ কর্তৃক গৃহীত কার্যক্রম:

| ক্র. নং | কর্তৃপক্ষের/দপ্তরের নাম | কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের বিবরণ |
|---|---|---|
| ১. | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী | ১। এ কার্যালয়ের সমন্বয়ে জেলা ও উপজেলা পর্যায়ে তথ্য অধিকার দিবস ২০২২ উদযাপন করা হয়েছে।<br>২। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদ আছে।<br>৩। অভ্যন্তরীণ প্রশিক্ষণের আওতায় এ কার্যালয়ে তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে প্রশিক্ষন আয়োজন করা হয়েছে।<br>৪। তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণের বিষয়ে নিয়মিত নির্দেশনা দেওয়া হচ্ছে।<br>৫। ওয়েবসাইটের নির্ধারিত বক্সে স্বপ্রণোদিত তথ্য প্রকাশ করা হয়েছে। |
| ২. | নগর উন্নয়ন অধিদপ্তর রাজশাহী আঞ্চলিক অফিস | ১। সাংগঠনিক কাঠামো ও কার্যক্রমের বিবরণকার্যপ্রণালী এবং দায়িত্বসমূহ ,;<br>২। কর্তৃপক্ষের কর্মকর্তা ও কর্মচারীর ডিরেক্টরী;<br>৩। কর্তৃপক্ষের বাজেট এবং সকল পরিকল্পনার ধরন চিহ্নিতকরণ এবং<br>৪। তথ্য প্রদান ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম পদবী এবং ,অন্যান্য তথ্যাদি দাপ্তরিক ওয়েবপোর্টালে প্রকাশ করা হয়েছে।<br>৫। তথ্য প্রদানকারী কর্মকর্তাতথ্য প্রদানের বিকল্প কর্মকর্তা , নির্ধারণ করা হয়েছে এবং এ সংক্রান্ত তথ্য দাপ্তরিক ওয়েবপোর্টালে আপলোড করা হয়েছে।<br>৬। তথ্য প্রদানকারী ও বিকল্প কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করে সনদ জেলা প্রশাসক মহোদয়, রাজশাহীকে প্রেরণ করা হয়েছে। |
| ৩. | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ | ১। সিটিজেন চার্টার অফিস ভবনের সম্মুখে ও ওয়েব পোর্টালে প্রদর্শন।<br>২। খাদ্যবান্ধব কর্মসূচির উপকারভোগীর তালিকা ওয়েবপোর্টালে প্রদর্শন।<br>৩। আমন/২০২০-২১ সংগ্রহের লক্ষ্যমাত্রা ওয়েবপোর্টালে প্রদর্শন।<br>৪। কর্মকর্তা ও কর্মচারীগণের তথ্যাদি ওয়েবপোর্টালে প্রদর্শন।<br>৫। তথ্য প্রদানকারী কর্মকর্তার তথ্যাদি ওয়েব পোর্টালে প্রদর্শন।<br>৬। আপীল কর্তৃপক্ষের নাম, পদবি ও ঠিকানা সিটিজেন চার্টারে প্রদর্শন। |



Scanned by TapScanner

| ক্র. নং | কর্তৃপক্ষের/দপ্তরের নাম | কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের বিবরণ |
|---|---|---|
| ৪. | বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, রাজশাহী | বিভাগের অধীনস্ত সকল জেলা ও উপজেলা পর্যায়ের দপ্তরে তথ্য প্রদানকারী কর্মকর্তা/কর্মচারীর নাম ও মোবাইল নম্বর প্রদর্শণ করা হচ্ছে। |
| ৫. | বিএসটিআই বিভাগীয় অফিস, রাজশাহী | ক) তথ্য অধিকার আইন অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তা নিয়োগ করা হয়েছে।<br>খ) তথ্য অধিকার আইনের উপর অনলাইন প্রশিক্ষণ কর্মশালায় দুইজন কর্মকর্তা অংশগ্রহণ করেছে।<br>গ) ওয়ান স্টপ সার্ভিস ও অনলাইনের মাধ্যমে তথ্য প্রদান করা হচ্ছে।<br>ঘ) অত্রাফিসে গৃহীত বিভিন্ন কার্যক্রমের বিবরণ মাসিক প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্ররণ করা হচ্ছে।<br>ঙ) তথ্য অধিকার আইন বাসত্মবায়নের নিমিত্তে চারটি আলোচনা সভা করা হয়েছে। |
| ৬. | জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয় | ১। তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণ সম্পাদন<br>২। পোর্টালে তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদকরণ |
| ৭. | বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী | (১) অত্র দপ্তরের ওয়েবপোর্টালে তথ্য অধিকার সংক্রান্ত সেবা, অভিযোগ প্রতিকার ব্যবস্থাসহ সকল ধরণের সেবাবক্স হালনাগাদ করা হয়েছে। |
| ৮. | বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রাজশাহী | ১। তথ্য অধিকার আইন, ২০০৯ এর আলোকে তথ্যের দ্রুত নিষ্পত্তিকরণে পৃথক সেবা গঠন।<br>২। ওয়েবসাইটে প্রদর্শিত তথ্যের আলোকে নোটিশবোর্ড ও সিটিজেন চার্টার উত্থাপন |
| ৯. | ইসলামিক ফাউন্ডেশন, বিভাগীয় কার্যালয়, রাজশাহী | ১। সিটিজেন চার্টার প্রদর্শন করা হয়েছে।<br>২। ওয়েবসাইট হালনাগাদকরণ করা হচ্ছে। |
| ১০. | বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী | (১) অত্র বোর্ডের কর্মকান্ডের তথ্যাদি বোর্ডের ওয়েব-সাইটে নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে;<br>(২) তথ্য কর্মকর্তার তথ্যসহ প্রয়োজনীয় তথ্য প্রস্তুত করে বোর্ডের ওয়েবসাইটে দেওয়া হয়েছে এবং নিয়মিত হালনাগাদ করা হচ্ছে ;<br>(৩) রেশম চাষে উদ্বুদ্ধকরণে বিভিন্ন সময় পত্রিকায় বিজ্ঞাপন প্রচারের মাধ্যমে এবং বিভিন্ন অনুষ্ঠানের প্রেস বিজ্ঞপ্তি প্রেরণের মাধ্যমে রেশম উন্নয়ন বোর্ডের কর্মকান্ড/সেবা সর্ম্পকিত তথ্যাদি প্রকাশ করা হচ্ছে;<br>(৪) রেশম চাষ সংক্রান্ত তথ্য তুঁতচাষি/পলুপালনকারী/ রেশম চাষে সম্পৃক্ত ব্যক্তিবর্গের নিকট সরবরাহ করা হচ্ছে;<br>(৫) অত্র বোর্ডের মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীগণ রেশম চাষে সম্পৃক্ত ব্যক্তিবর্গকে প্রশিক্ষণসহ কারিগরি জ্ঞান/পরামর্শ প্রদান করছে;<br>(৬) রেশম চাষি ও রেশম চাষের সাথে সংশ্লিষ্টদের মোবাইলে মেসেজ প্রদান করে কারিগরি পরামর্শ/নির্দেশনা নিয়মিত প্রদান করা হচ্ছে;<br>(৭) এছাড়া বিভিন্ন মেলায় অংশগ্রহণ করে রেশম চাষ সম্পর্কিত তথ্য উপস্থাপন করা হচ্ছে;<br>(৮) বোর্ড প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের অফিস সমূহে ইতিপূর্বে তথ্য কর্মকর্তা, বিকল্প তথ্য কর্মকর্তা ও আপিল কর্তৃপক্ষ নিয়োগ করা হয়েছে।<br>(৯) বোর্ডের ওয়েবসাইটে তথ্য অধিকার নির্দেশিকা প্রকাশ করা হয়েছে যা হালনাগাদ করা হচ্ছে।<br>(১০) বোর্ডের ওয়েবসাইটে বিভিন্ন কনটেন্টের স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নিয়মিত করা হচ্ছে । |
| ১১. | আঞ্চলিক তথ্য অফিস, রাজশাহী | ১। ৬০ ঘণ্টা প্রশিক্ষণের অংশ হিসেবে তথ্য অধিকার আইন বিষয়ে কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে।<br>২। প্রবিধিমালা, ২০১০ এর তফসিল ১,২ বর্ণনামতে স্বপ্রণোদিত তথ্য আঞ্চলিক তথ্য অফিস, রাজশাহীর তথ্য বাতায়ন ও তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি রাখা আছে। |
| ১২. | জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী | ১। প্রতি দুইমাসে তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ ও পরিবীক্ষণ জেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়ে থাকে। সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলকে প্রেরণসহ পোর্টালের নির্ধারিত লিংকে আপলোড করা হয়ে থাকে।<br>২। জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আপীল কর্মকর্তার সকল তথ্য পোর্টালের নির্ধারিত লিংকে আপলোড করা আছে।<br>৩। রাজশাহী জেলা পোর্টালে তথ্য অধিকার আইন ২০০৯ সহ স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, তথ্য প্রাপ্তির আবেদনসহ এতদসংক্রান্ত বিভিন্ন ফরমসমূহ, বিধিমালা, আইন নির্ধারিত লিংকে আপলোড করা আছে।<br>৪। ২৮ সেপ্টেম্বর ২০২২ তারিখ আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২২ উপলক্ষ্যে জেলা ও সকল উপজেলায় মাইকিং এর মাধ্যমে সংশ্লিষ্ট বিষয়টি ব্যাপক প্রচারণা চালানো হয় এবং দিবসটিতে |



Scanned by TapScanner

| ক্র. নং | কর্তৃপক্ষের/দপ্তরের নাম | কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের বিবরণ |
|---|---|---|
| | | বিভিন্ন পর্যায়ের ব্যক্তিদের সমন্বয়ে আলোচনা সভার আয়োজন করা হয়। |
| ১৩. | জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ | ১। বিভিন্ন সভা সেমিনারে তথ্য অধিকার বিষয়ে আলোকপাত করা হয়।<br>২। শহরের গুরুত্বপূর্ণ স্থানে তথ্য অধিকার বিষয়ে প্রচারণার উদ্দেশ্যে ব্যানার ও ফেস্টুন লাগানো হয়েছে।<br>৩। জেলা উন্নয়ন সমন্বয় সভায় তথ্য অধিকার বিষয়ে পৃথক আলোচ্য সূচি নির্ধারণ করা হয়েছে।<br>৪। আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উদযাপনের জন্য জেলা পর্যায়ে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। |
| ১৪. | জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর | ১। তথ্য অধিকার আইন-২০০৯ বিষয়ক নিয়মিত দ্বিমাসিক সভা আয়োজন এবং প্রচারণা করা হয়।<br>২। আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২২ উদযাপন।<br>৩। আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২২ উপলক্ষে আলোচনা সভা আয়োজন।<br>৪। তথ্য অধিকার আইন বিষয়ক কুইজ প্রতিযোগিতা আয়োজন।<br>৫। তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ব্যাপক প্রচার প্রচারণা।<br>৬। তথ্য অধিকার আইন বিষয়ে অবহিতকরণ সভা আয়োজন। |
| ১৫. | জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা | ০১। তথ্য অধিকার দিবস ২০২২ উদযাপন<br>০২। তথ্য অধিকার আইন ২০০৯ বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির সভা<br>০৩। অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহিতা/অংশীজনদের অবহিত করণ সভা<br>০৪। দৃশ্যমান স্থানে অভিযোগবক্স/সেবাবক্স স্থাপন করা হয়েছে। |
| ১৬. | জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ | ১। জনবহুল ও গুরুত্বপূর্ণ স্থানসমূহে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবসের ব্যানার ফেস্টুন স্থাপন ও প্রদর্শন ও আলোচনা সভা অনুষ্ঠান আয়োজন করা হয়।<br>২। বিভিন্ন জনবহুল স্থানে সুসজ্জিত গাড়ী দ্বারা দিবসটির তাৎপর্য তুলে ধরে মাইকিং এর মাধ্যমে প্রতিপাদ্য বিষয় " তথ্য আমার অধিকার, জানা আছে কি সবার" ও স্লোগান "তথ্য আমার অধিকার, জানতে হবে সবার" অডিও রেকর্ড প্রচার করা হয়। |
| ১৭. | জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ | ১। তথ্য প্রদানকারী কর্মকর্তা ও বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ দেয়া আছে<br>২। জেলা প্রশাসনের ওয়েবসাইটে তথ্য প্রদানকারী কর্মকর্তা ও বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম, মোবাইল নম্বর ও ইমেল নম্বর দেয়া আছে<br>৩। নিয়মিত তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জেলা অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হয়ে থাকে<br>৪। ২৮ সেপ্টেম্বর ২০২২ তারিখ যথাযোগ্য মর্যাদার সহিত আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উদযাপিত হয়েছে<br>৫। সিটিজেন চার্টার ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে এবং অত্র কার্যালয়ের বড় ফ্রমেটে দৃশ্যমান স্থানে বিলবোর্ডে স্থাপন করা হয়েছে<br>৬। অত্র কার্যালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হয়<br>৭। জেলা প্রশাসনের সভা সেমিনার, বিজ্ঞাপ্তি, নোটিশ, নিয়োগ, কর্মশালা বিভিন্ন চিঠি পত্র ওয়েবসাইটে প্রকাশ করা হয়<br>৮। চাঁপাইনবাবগঞ্জ ভ্রমণ নির্দেশিকা ও জেলার বিভিন্ন দর্শনীয় স্থান সেইসাথে দুরত্ব এবং যোগাযোগ ব্যবস্থা সকল তথ্য আপলোড দেয়া আছে<br>৯। জেলা প্রশাসনের কর্মকর্তা ও কর্মচারীদের পরিচিতি ও মোবাইল নম্বর আপলোড দেয়া আছে |
| ১৮. | জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া | ১। তথ্য অধিকার আইন বাস্তবায়নে তথ্য অধিকার দিবস পালন, আলোচনা সভা, রচনা প্রতিযোগিতা ও চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন করা হয়।<br>২। তৃণমূল পর্যায়ে তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে মাইকের মাধ্যমে ব্যাপক প্রচার করা হয়।<br>৩। তথ্য অধিকার দিবস-২০২২ এর প্রতিপাদ্য ও শ্লোগান ব্যাপক প্রচার করা হয়।<br>৪। সামাজিক যোগাযোগ মাধ্যমে তথ্য অধিকার দিবস-২০২২ এর তাৎপর্য ব্যাপক প্রচার করা হয়।<br>৫। তথ্য অধিকার দিবস-২০২২ উপলক্ষে ফেস্টুন, ব্যানার, প্লাকার্ডসহ জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা, রাজনৈতিক নেতৃবৃন্দ, শিক্ষার্থী , এনজিও এবং গণমাধ্যমকর্মীসহ সর্বসাধারণের অংশগ্রহণে তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ক আলোচনা সভার আয়োজন করা হয়। |
| ১৯. | জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট | ১। জেলা উন্নয়ন সমন্বয় সভায় তথ্য অধিকার বিষয়ে আলাদা আলোচ্য সূচি নির্ধারণ করা হয়েছে।<br>২। আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উদযাপনের জন্য জেলা পর্যায়ে ফেস্টুন, ব্যানার, প্লাকার্ডসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। |



Scanned by TapScanner

## ০৪. মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন:



২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠানে জনাব আব্দুল জলিল, জেলা প্রশাসক, রাজশাহীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি, বিভাগীয় কমিশনার, রাজশাহী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আব্দুল বাতেন, বিপিএম, পিপিএম, ডিআইজি, রাজশাহী রেঞ্জ, জনাব মোঃ আবু কালাম সিদ্দিক, পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী, জনাব এ বি এম মাসুদ হোসেন, বিপিএম (বার), পুলিশ সুপার, রাজশাহী।







Scanned by TapScanner

### ০৫. সেবা সংক্রান্ত মতামত/পরামর্শ/অভিযোগ বক্স:

বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এর প্রবেশ পথে সেবা প্রার্থীদের জন্য সেবা সংক্রান্ত যে কোন মতামত/পরামর্শ প্রদানের জন্য অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে।






Scanned by TapScanner

## ০৬. জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন:



জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন অনুষ্ঠান। জনাব আব্দুল জলিল, জেলা প্রশাসক, রাজশাহীর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি, বিভাগীয় কমিশনার, রাজশাহী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আব্দুল বাতেন, বিপিএম, পিপিএম, ডিআইজি, রাজশাহী রেঞ্জ, জনাব মোঃ আবু কালাম সিদ্দিক, পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী, জনাব এ বি এম মাসুদ হোসেন, বিপিএম (বার), পুলিশ সুপার, রাজশাহী।





Scanned by TapScanner

## ০৭. ঐতিহাসিক ৭ মার্চ দিবস উদযাপন:





ঐতিহাসিক ৭ মার্চ দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জনাব আব্দুল জলিল, জেলা প্রশাসক, রাজশাহীর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি, বিভাগীয় কমিশনার, রাজশাহী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আব্দুল বাতেন, বিপিএম, পিপিএম, ডিআইজি, রাজশাহী রেঞ্জ, জনাব মোঃ আবু কালাম সিদ্দিক, পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী, জনাব এ বি এম মাসুদ হোসেন, বিপিএম (বার), পুলিশ সুপার, রাজশাহী।



Scanned by TapScanner

৮. স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস:




স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং বৃক্ষ রোপণ কর্মসূচি গ্রহণ করা হয়।






Scanned by TapScanner

৯। বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহীতে অনুষ্ঠিত মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণের বিশেষ প্রশিক্ষণ কোর্স:





২৩ আগস্ট, ২০২২ খ্রি. তারিখ হতে ২৯ আগস্ট, ২০২২ খ্রি. তারিখ পর্যন্ত মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণের বিশেষ প্রশিক্ষণ প্রদান।

Scanned by TapScanner

## ১০. তথ্য অধিকার বাস্তবায়নে রাজশাহী বিভাগের জেলা ও উপজেলা পর্যায়ের অফিসসমূহ কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের চিত্র:

### জেলা: নাটোর




জেলা প্রশাসন, নাটোরের উদ্যোগে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২২ উদযাপন।



জেলা প্রশাসন, নাটোরের উদ্যোগে তথ্য অধিকার বিষয়ে ব্যাপক প্রচার প্রচারণার চিত্র।



Scanned by TapScanner

**জেলা: সিরাজগঞ্জ**




জেলা প্রশাসন, সিরাজগঞ্জের উদ্যোগে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষ্যে আলোচনা সভার আয়োজন করা হয়।

**জেলা: বগুড়া**

ব্যক্তি পর্যায়ে তথ্য অধিকার সংক্রান্ত লিফলেট বিতরণ





জেলা প্রশাসন, চাঁপাইনবাবগঞ্জের উদ্যোগে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভা।





Scanned by TapScanner




জয়পুরহাট জেলায় তথ্য অধিকার দিবস উপলক্ষ্যে ব্যাপক প্রচারণার চিত্র।





Scanned by TapScanner

জেলা: পাবনা

## আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস, ২০২২ উদযাপন








Scanned by TapScanner

তথ্য অধিকার বাস্তবায়নে রাজশাহী বিভাগের উপজেলা পর্যায়ে গৃহীত বিভিন্ন কর্মসূচির চিত্র:











Scanned by TapScanner

## ১২. বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহীতে বর্তমানে কর্মরত কর্মকর্তাবৃন্দ:



জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার, রাজশাহী



আবু তাহের মোঃ মাসুদ রানা
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) (অতিরিক্ত সচিব)



মোঃ জিয়াউল হক
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) (যুগ্মসচিব)



এ, এন, এম, মঈনুল ইসলাম
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি) (যুগ্মসচিব)



মোঃ এনামুল হক
পরিচালক (যুগ্মসচিব), স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ



ড. চিত্রলেখা নাজনীন
উপ পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার শাখা



মোঃ রকিবুল হাসান
বিভাগীয় কমিশনারের একান্ত সচিব



আরিফা সুলতানা
সিনিয়র সহকারী কমিশনার (রাজস্ব শাখা)



নিশাত আনজুম অনন্যা
সিনিয়র সহকারী কমিশনার (উন্নয়ন ও আইসিটি, গ্রহণ প্রেরণ/ফ্রন্টডেস্ক শাখা)



আবু সালেহ্ মোহাম্মদ হাসনাত
সিনিয়র সহকারী কমিশনার (সাধারণ শাখা)



মোছা: নাজমুন নাহার
সিনিয়র সহকারী কমিশনার (মাঠ প্রশাসন শাখা)



নাজমুল আলম, পিএএ সিনিয়র সহকারী কমিশনার (হিসাব ও নেজারত শাখা)



Scanned by TapScanner

## ১৩. বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আপীল কর্মকর্তার তথ্য:

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য




| | |
|---|---|
| নাম | আবু সালেহ্ মোহাম্মদ হাসনাত |
| মোবাইল | ০১৭১৮-৭৮৪৩৩৪ |
| পদবি | সিনিয়র সহকারী কমিশনার (সাধারণ শাখা) |
| অফিস | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী। |
| ই-মেইল | rito.himi@gmail.com |

বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্যঃ



| | |
|---|---|
| নাম | মোছা: নাজমুন নাহার |
| মোবাইল | ০১৭১৭-৬২৪৬০৭ |
| পদবি | সিনিয়র সহকারী কমিশনার (মাঠ প্রশাসন শাখা) |
| অফিস | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী। |
| ই-মেইল | nazmunnaharshawon@gmail.com |

আপীল কর্মকর্তার তথ্যঃ



| | |
|---|---|
| নাম | **জনাব খন্দকার আনোয়ারুল ইসলাম** |
| পদবি | মন্ত্রিপরিষদ সচিব |
| অফিস | মন্ত্রিপরিষদ বিভাগ |
| ই-মেইল | cab secy@cabinet.gov.bd |



Scanned by TapScanner

## ১৪. তথ্য অধিকার বাস্তবায়ন অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি, রাজশাহী'র তালিকা:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী বিভাগ, রাজশাহী
(সাধারণ শাখা)
www.rajshahidiv.gov.bd

**প্রজ্ঞাপন**

তথ্য অধিকার আইন বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের ২১/০৫/২০১৮ তারিখের ০৪.০০.০০০০.৮২৩.৭৯.০০৯.১৮.০৪৩ নং প্রজ্ঞাপনে গঠিত তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি নিম্নরূপ পুনর্গঠন করা হলো।

| | | |
|---|---|---|
| ১ | বিভাগীয় কমিশনার, রাজশাহী | সভাপতি |
| ২ | ডিআইজি, রাজশাহী রেঞ্জ, রাজশাহী | সদস্য |
| ৩ | পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী | সদস্য |
| ৪ | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), রাজশাহী | সদস্য |
| ৫ | পরিচালক (স্বাস্থ্য), স্বাস্থ্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী | সদস্য |
| ৬ | জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ | সদস্য |
| ৭ | পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী | সদস্য |
| ৮ | অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল | সদস্য |
| ৯ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সার্কেল-১, গণপূর্ত বিভাগ, রাজশাহী | সদস্য |
| ১০ | অধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী | সদস্য |
| ১১ | পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল | সদস্য |
| ১২ | উপপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, রাজশাহী | সদস্য |
| ১৩ | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী | সদস্য |
| ১৪ | উপপরিচালক, জেলা তথ্য অফিস, রাজশাহী | সদস্য |
| ১৫ | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজশাহী | সদস্য |
| ১৬ | জনাব আবুল কালাম আজাদ, সাংবাদিক, প্রথম আলো, রাজশাহী প্রতিনিধি | সদস্য |
| ১৭ | এ্যাড. আবুস সালাম, রাজশাহী বার | সদস্য |
| ১৮ | এনজিও প্রতিনিধি : | |
| | ক) জনাব এ. কে. এম. আহেদুল ইসলাম, জেলা ব্র্যাক প্রতিনিধি, রাজশাহী | সদস্য |
| | খ) রিজিওনাল ম্যানেজার, এনজিও ফোরাম, কাজীহাটা, রাজশাহী | সদস্য |
| | গ) রিজিওনাল ম্যানেজার, আশা | সদস্য |
| ১৯ | মহিলা প্রতিনিধি : | |
| | ক) জনাব শাহীন আক্তার রেনী, বিশিষ্ট সমাজসেবী, রাজশাহী | সদস্য |
| | খ) জনাব শিরীন সুফিয়া খানম, প্রাক্তন চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য |
| ২০ | সুশীল সমাজের প্রতিনিধি : | |
| | ক) প্রফেসর তারিকুল আলম, প্রাক্তন চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য |
| | খ) জনাব মোঃ জামাত খান, সাধারণ সম্পাদক, রাজশাহী রক্ষা সংগ্রাম পরিষদ | সদস্য |
| ২১ | বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, রাজশাহী বিভাগ | সদস্য সচিব |

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অর্পিত কমিটির কার্যপরিধি অপরিবর্তিত থাকবে (কপি সংযুক্ত)।

স্বাক্ষরিত/-
মোঃ নূর-উর-রহমান
বিভাগীয় কমিশনার
রাজশাহী
ফোন: ০৭২১-৭৭২২৩৩ (অফিস)
email: divcomrajshahi@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৫.০০০০.০১১.০১.০০৮.১৮. ১১২৮ — তারিখ : ১৮/০৭/২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, তথ্য কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা
৩। ডিআইজি, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
৪। পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী
৫। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), রাজশাহী
৬। পরিচালক (স্বাস্থ্য), স্বাস্থ্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
৭। জেলা প্রশাসক, ............................ (সকল), রাজশাহী বিভাগ
৮। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল
৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (সার্কেল-১), গণপূর্ত বিভাগ, রাজশাহী
১০। অধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী
১১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল
১২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী
১৩। উপপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, রাজশাহী
১৪। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী
১৫। উপপরিচালক, জেলা তথ্য অফিস, রাজশাহী
১৬। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজশাহী
১৭। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, রাজশাহী বিভাগ
১৮। ..............................................................................

(মুহাম্মদ [illegible])
সহকারী কমিশনার
ফোন : ০৭২১-৭৭২০০৫



Scanned by TapScanner

### ১৫. আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২২ উদযাপন:

২৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস। এবছর দিবসটির প্রতিপাদ্য বিষয় এবং স্লোগান **"তথ্য প্রযুক্তির যুগে, জনগণের তথ্য অধিকার নিশ্চিত হোক"**। তথ্য জানার অধিকারের বিষয়ে সচেতনতা বাড়াতে ২০০২ সাল থেকে দিবসটি বিশ্বব্যাপী পালিত হচ্ছে। এর ধারাবাহিকতায় ২০১৫ সালে ইউনেস্কো এবং ২০১৯ সালে জাতিসংঘ দিবসটিকে আন্তর্জাতিক সর্বজনীন তথ্যে অভিগম্যতা দিবস হিসেবে স্বীকৃতি দেয়। বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী সবসময়ই স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে তথ্যের অবাধ প্রবাহে বিশ্বাসী। এবছর কোভিড পরিস্থিতি বিবেচনায় তথ্য অধিকার দিবস উপলক্ষে বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী স্বাস্থ্যবিধি মেনে আলোচনা সভার আয়োজন করে। বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এবং মাঠ পর্যায়ের প্রতিটি কার্যালয়ে তথ্য কর্মকর্তা নিযুক্ত রয়েছেন।




২৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জনাব আব্দুল জলিল, জেলা প্রশাসক, রাজশাহীর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি, বিভাগীয় কমিশনার, রাজশাহী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আব্দুল বাতেন, বিপিএম, পিপিএম, ডিআইজি, রাজশাহী রেঞ্জ, জনাব মোঃ আবু কালাম সিদ্দিক, পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী, জনাব এ বি এম মাসুদ হোসেন, বিপিএম (বার), পুলিশ সুপার, রাজশাহী। অনুষ্ঠানে রাজশাহী নিউ গভ. ডিগ্রী কলেজের উপাধ্যক্ষ প্রফেসর ড. অলিউল আলম মূল প্রবন্ধ উপস্থান করেন।



২৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় উপস্থিতির একাংশ।



Scanned by TapScanner

১৬. বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী হতে স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যম:

| ক্রমিক নং | তথ্যের বিবরণ | তথ্য প্রকাশের মাধ্যম |
|---|---|---|
| ১. | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহীতে কর্মরত কর্মকর্তাগণের নাম, পদবি, শাখা/অধিশাখা/অনুবিভাগ, দাপ্তরিক ও আবাসিক টেলিফোন নম্বর, মোবাইল নম্বর, ফ্যাক্স নম্বর, ই-মেইল | ওয়েবসাইট |
| ২. | জেলা প্রশাসকগণের তালিকা | ওয়েবসাইট |
| ৩. | সরকারি বিভিন্ন কল সেন্টার নম্বর | ওয়েবসাইট |
| ৪. | রাজশাহী বিভাগে কর্মরত সহকারী কমিশনার; সিনিয়র সহকারী কমিশনার ও উপজেলা নির্বাহী অফিসারগণের বদলী/পদায়ন প্রজ্ঞাপন ওয়েবসাইটে প্রকাশ | ই-ফাইলে/ডাকযোগে |
| ৫. | এ কার্যালয়ে কর্মরত ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীসহ এ বিভাগের সহকারী কমিশনার; সিনিয়র সহকারী কমিশনার, অতিরিক্ত জেলা প্রশাসক, জেলা প্রশাসকেগণের পাসপোর্ট এর এনওসি প্রদান ও ওয়েবসাইটে প্রকাশ | ই-ফাইলে/ডাকযোগে |
| ৬. | এ বিভাগে কর্মরত সকল কর্মচারীদের বহি: বাংলাদেশ ছুটি অনুমোদন | ই-ফাইলে/ডাকযোগে |
| ৭. | এ বিভাগে কর্মরত প্রশাসনিক কর্মকর্তাদের ভবিষ্য তহবিল হতে উত্তোলনের চূড়ান্ত অনুমোদন | ডাকযোগে |
| ৮. | উপজেলা পর্যায়ে সহকারী কমিশনার (ভূমি), অতিরিক্ত হুকুমদখল কর্মকর্তা, কানুনগো, সার্ভেয়ার, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ও ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তাগণের বদলী/পদায়ন | ই-ফাইলে/ডাকযোগে |
| ৯. | জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ভূমি প্রশাসনে কর্মরত ১০-২০ গ্রেডের কর্মচারীদের সাধারণ ভবিষ্য তহবিল হতে অর্থ উত্তোলনের চূড়ান্ত অনুমোদন | ই-ফাইলে/ডাকযোগে |
| ১০. | জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ভূমি প্রশাসনে কর্মরত ১০-২০ গ্রেডের কর্মচারীদের বহি:বাংলাদেশ ভ্রমণের অনুমোদন | ই-ফাইলে/ডাকযোগে |
| ১১. | ২০ একরের উর্ধ্বে জলমহালের ক্ষেত্রে ইজারামূল্য ১০ লক্ষ টাকার উর্দ্ধে হলে ইজারা প্রস্তাবের চূড়ান্ত অনুমোদন | ডাকযোগে |
| ১২. | ভিপি ফলবাগান/ভিপি পুকুর ইজারা অনুমোদন | ডাকযোগে |
| ১৩. | বালুমহালের তালিকা/ক্যালেন্ডার অনুমোদন | ডাকযোগে |
| ১৪. | নতুন বালুমহাল ঘোষণা ও পুরাতন বালুমহাল বিলুপ্তকরণ | ডাকযোগে |
| ১৫. | কালেক্টরেটের অডিট আপত্তির বক্ষমান জবাব সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ | ডাকযোগে |
| ১৬. | ভূমি প্রশাসনের কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মামলা আপীল শুনানী ও নিষ্পত্তি | ডাকযোগে |
| ১৭. | হুকুম দখল সংক্রান্ত আপত্তি ও চূড়ান্ত অনুমোদন | ডাকযোগে |
| ১৮. | ৫০,০০০/- টাকা পর্যন্ত এল এ কন্টিজেন্সির বরাদ্দ প্রদান | ডাকযোগে |
| ১৯. | বিভাগীয় নির্বাচনী বোর্ডের অধীনে জনবল নিয়োগের পরীক্ষাসূচী ও উত্তীর্ণদের চূড়ান্ত তালিকা প্রকাশ | ওয়েবসাইট/নোটিশ বোর্ড |
| ২০. | এ কার্যালয়ে অনুষ্ঠিত সভার নোটিশ ও কার্যবিবরণী | ওয়েবসাইট |
| ২১. | কর্মকর্তা-কর্মচারীদের পাসপোর্ট এর NOC প্রদান | ই-নথি/ওয়েবসাইট |
| ২২. | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এর বার্ষিক ক্রয়-পরিকল্পনা | ওয়েবসাইট |
| ২৩. | স্বেচ্ছাধীন মঞ্জুরি প্রাপ্তদের তালিকা | ওয়েবসাইট |
| ২৪. | গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচির আওতায় টিআর বরাদ্দের তালিকা | ওয়েবসাইট |
| ২৫. | শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তদের তালিকা | ওয়েবসাইট |
| ২৬. | বিভাগীয় ইনোভেশন টিম | ওয়েবসাইট |
| ২৭. | মন্ত্রিপরিষদ বিভাগের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | ওয়েবসাইট |
| ২৮. | বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের সরকারি গুরুত্বপূর্ণ প্রজ্ঞাপন/পরিপত্র | ওয়েবসাইট |
| ২৯. | বিভাগীয় কমিশনার, রাজশাহীর দৈনিক কর্মসূচির তথ্য | ওয়েবসাইট |
| ৩০. | ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর) কর্মসূচির আওতায় অর্থ বরাদ্দ প্রদান | ওয়েবসাইট |
| ৩১. | স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা (বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী | ওয়েবসাইট |
| ৩২. | জনকল্যাণমূলক কার্যক্রম সংক্রান্ত সেবাবক্স প্রদর্শন | ওয়েবসাইট |



Scanned by TapScanner

## ১৭. তথ্য অধিকার বাস্তবায়নে বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী'র সুপারিশ:

১. তথ্য অধিকার আইন সম্পর্কে জনসাধারণকে অবগত করতে ব্যানার, ফেস্টুন, মাইকিং, ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় বিজ্ঞাপনসহ নানামুখী প্রচারণা চালাতে হবে।

২. জনসাধারণের সাথে সরাসরি যোগাযোগের মাধ্যম হিসেবে জেলা ও উপজেলা প্রশাসনের ফেসবুক পেইজ নিয়মিত তথ্য অধিকার সংক্রান্ত বিষয়াবলী আপলোড করে ব্যাপক ক্যাম্পেইন চালাতে হবে।

৩. তথ্য অধিকার আইনের সুফল অর্জনের ক্ষেত্রে তথ্য প্রদানকারী কর্মকর্তার সক্ষমতা বৃদ্ধিতে গুরুত্ব দিতে হবে। তাদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে সক্ষমতা বাড়াতে হবে।

৪. জনপ্রতিনিধিদের মাধ্যমে তৃণমুল পর্যায়ে তথ্য অধিকার বিষয়ে ব্যাপক জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করতে হবে।

৫. সরকারি কর্মকর্তা-কর্মচারীর পাশাপাশি জনপ্রতিনিধি ও রাজনৈতিক ব্যক্তিদেরও তথ্য অধিকার আইন সম্পর্কে অবহিতকরণের কর্মসূচি গ্রহণ করতে হবে।

৬. ওয়েবসাইটের তথ্য অধিকার সেবাবক্স নিয়মিত হালানাগাদ করতে হবে।

৭. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিকল্প কর্মকর্তা বদলি হলে তাদের নাম, ছবি, মোবাইল নম্বর ও ই-মেইল ওয়েবসাইটে নিয়মিত হালানাগাদ করতে হবে।

৮. কোন অফিসের তথ্য প্রদানের সাথে তথ্য প্রদানকারী কর্মকর্তা এককভাবে সম্পৃক্ত নয়। তাই তথ্য প্রদানে ব্যর্থ হলে তথ্য প্রদানকারী কর্মকর্তাকে এককভাবে দায়ী না করে সংশ্লিষ্ট সকলকে জবাবদিহিতার আওতায় আনতে হবে।

৯. প্রত্যেক কর্তৃপক্ষ স্ব-প্রণোদিতভাবে তথ্য প্রকাশের বিষয়ে আরো বেশি সচেতন হতে হবে।

১০. সেবাগ্রহীতাদের মতামত গ্রহণের জন্য প্রত্যেক অফিসে "সেবাগ্রহীতার মতামত বক্স" স্থাপন করতে হবে।





Scanned by TapScanner

# উপসংহার

বিশ্বব্যাপী টেকসই উন্নয়নের সব পদক্ষেপে অবাধ তথ্যপ্রবাহ ও তথ্যে অভিগম্যতার গুরুত্ব বিশেষভাবে প্রকাশিত হচ্ছে। বাংলাদেশও এর ব্যতিক্রম নয়। জাতিসংঘ ঘোষিত সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য (এমডিজি) অর্জনে বাংলাদেশ প্রশংসনীয় সাফল্য অর্জন করেছে। এটি বলা অত্যুক্তি হবে না যে, দারিদ্র্য বিলোপ, শিক্ষা, স্বাস্থ্য ও নারী উন্নয়নে, জেন্ডার সমতা অর্জনে, খাদ্য নিরাপত্তা, শিশুমৃত্যু, মাতৃমৃত্যুর হার কমানো ইত্যাদি সব ক্ষেত্রে তথ্যের অবাধ প্রবাহ, জনগণের তথ্যে প্রবেশাধিকার তথা তথ্য অধিকার আইন-২০০৯ সহায়ক ভূমিকা পালন করেছে।

সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানগুলো এখন স্ব-প্রণোদিতভাবে তথ্য প্রকাশ করছে, প্রযুক্তির মাধ্যমে সৃষ্টি হয়েছে তথ্য প্রকাশের প্রবল নেটওয়ার্ক। আইনটির বিষয়ে জনগণের মাঝে সচেতনতা কিছুটা বৃদ্ধি পাওয়ায় প্রতি বছরই বেড়ে চলেছে তথ্য প্রাপ্তির আবেদনের সংখ্যা এবং তথ্য না পেলে আপীলের সংখ্যা। নাগরিকগণ ক্রমেই এই আইন প্রয়োগের মাধ্যমে তথ্য চাইতে উদ্বুদ্ধ হচ্ছে। কিন্তু তথ্য চাওয়ার ক্ষেত্রে জনগণের ধারণা এখনও সুস্পষ্ট নয়। অর্থাৎ তথ্য অধিকার আইনের আওতায় কোন বিষয়গুলোর তথ্য চাওয়া যাবে এবং নির্ধারিত ফরমে কিভাবে আবেদন করতে হবে এ বিষয়ে জনসাধারণের মাঝে এখন সুস্পষ্ট ধারণা নেই। অন্যদিকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মাঝেও কিভাবে তথ্য সরবরাহ করতে হবে সে বিষয়ে অস্পষ্টতা রয়েছে। এজন্য প্রশিক্ষণের মাধ্যমে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের এই আইন সম্পর্কে আরো বেশি দক্ষ করে গড়ে তোলা এবং জনগণের মাঝে এই আইন সম্পর্কে সুস্পষ্ট ধারণা সৃষ্টি করার পদক্ষেপ করা একান্ত প্রয়োজন। তাহলেই "তথ্য চাওয়া" এবং "তথ্য সরবরাহ" এ দুটি বিষয়ের মধ্যে একটি যোগসূত্র সৃষ্টি হবে। আইনের বাস্তবায়ন মনিটরিং ও পরিবীক্ষণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কেন্দ্র থেকে উপজেলা পর্যন্ত চার স্তরে শক্তিশালী কমিটি গঠন করেছে। তথ্য অধিকার আইন প্রণয়নোত্তর সময়ে আমাদের গণমাধ্যম অবাধ, বিস্তৃত ও কর্মচঞ্চল হয়েছে। তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণে সরকারি প্রচেষ্টা বা উদ্যোগ প্রশংসনীয়। ২০০৯ সালে এ আইন প্রণয়নের সঙ্গে সঙ্গে এর বাস্তবায়নকল্পে স্বাধীন ও শক্তিশালী তথ্য কমিশন গঠিত হয়েছে এবং তথ্য অধিকার বাস্তবায়ন নিশ্চিতকরণে কৌশলপত্র প্রণয়নসহ অনেক পদক্ষেপ গৃহীত হয়েছে। ফলে তথ্য অধিকার আইন, ২০০৯ এর বাস্তবায়নের একটি সফল চিত্র পাওয়া যাবে, যা টেকসই উন্নয়নের অভীষ্ট লক্ষ্যে পৌছাতে রাষ্ট্রকে এগিতে নিয়ে যাবে।



26/10/2022

আবু সালেহ্ মোহাম্মদ হাসনাত
সিনিয়র সহকারী কমিশনার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী



Scanned by TapScanner